R. N. No. 2532/57

Phone No. RGG.112

Regd No.—WB/MSD—4

*Our Bricks are made of soil*
*Your dreams are made of*
*our toil*
NIRMAN
"Piyal Kunja"
Kamal Kumari Devi Sarani
Haridasnagar
P. O. Raghunathganj
Dist. Murshidabad
Phone : Office 28 Resi : 161

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৩৬শ বর্ষ
৪৫ সংখ্যা

রঘুনাথগঞ্জ ৩১শে জ্যৈষ্ঠ বুধবার, ১৩৯৬ সাল।
১৪ই জুন, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## মহকুমা শাসককেই নকল পানীয় সরবরাহ

রঘুনাথগঞ্জ : গত ৫ জুন স্থানীয় একটি দোকান থেকে ঠাণ্ডা পানীয় পান করতে গিয়ে জঙ্গিপুরের মহকুমা শাসক স্বয়ং অসুবিধায় পড়েন। তিনি লিমকার দুটি বোতলেই ময়লা ভাসতে দেখে দোকানের বাকী বোতলগুলি পরীক্ষা করেন। দেখেন অধিকাংশ বোতলেরই অবস্থা পূর্ববৎ। দোকানদারকে জিজ্ঞাসাবাদ করে জানতে পারা যায় জঙ্গিপুরের ডিষ্ট্রী-বিউটার সাত্তার সেখের কাছ থেকে এই মালগুলি আনা হয়েছে। এই মাল কেনাবেচার জন্য কোন ক্যাশ মেমোও তাঁরা পাননা। মহকুমা শাসকের নির্দেশে পুর স্যানিটারী ইন্সপেক্টার পুলিশ নিয়ে সাত্তারের দোকানে হানা দিলে সাত্তারকে পাওয়া যায় না। পুলিশ ২৪ বোতলের ১০৫ ক্রেট পানীয় সীজ করে। তারমধ্যে থেকে ৩টি বোতল পরীক্ষার জন্য পাঠান হয় বলে খবর। এই ঘটনায় প্রশাসন তৎপর হয়েছেন বলে পরবর্ত্তী সংবাদে জানা যায় গত ১০ জুন রাত্রে এস ডি পি ও-র নেতৃত্বে পুলিশ ধুলিয়ান বাজারে নাসিরুদ্দিন সেখের দোকানে হানা দিয়ে ৫৪০ বোতল ভেজাল পানীয় ও ৫২৪টি খালি বোতল উদ্ধার করে। (২য় পৃষ্ঠায়)

## এঁরাই কি মানুষ গড়ার কারিগর ডক্টর রাধাকৃষ্ণণের উত্তর সাধকের দল ?

(পূর্ব প্রকাশিতের পর)

নিজস্ব প্রতিবেদক : ন্যায়নীতি, নিয়মকানুন, ছাত্র-অভিভাবকদের স্বার্থ সবকিছুকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে নিজের আখের গোছানোর জন্য কি বছর স্কুলের বুকলিষ্টের খোলনলচে পরিবর্তনের ব্যাপারে জেলায় রেকর্ড সৃষ্টি করেছেন জঙ্গিপুর মহকুমার মালডোবা পি কে হাই স্কুলের প্রধান শিক্ষক সুনীলকুমার সিংহ। স্কুলে যাঁরা যে বিষয়ে পড়ান তাঁদের কারও সঙ্গে কোন পরামর্শ না করে গত বছর তিনি স্কুলের বুকলিষ্টে অকারণে ব্যাপকভাবে বই বদলান বলে খবর। কেন বদলান তা রহস্যজনক। এ বছরে আবার কোন শিক্ষকের সঙ্গে আলোচনা না করে গোটা বুকলিষ্টেরই পরিবর্তন করেছেন বলে অভিযোগ। সরকারী বই বাদে (সেগুলি বদলানো যায় না) প্রায় সব বইই তিনি পাল্টে দিয়েছেন। পঞ্চম শ্রেণীতে দু'খানি, ষষ্ঠ শ্রেণীতে পাঁচ খানি, সপ্তম শ্রেণীতে আটখানি, অষ্টম শ্রেণীতে ছয়খানি, নবম শ্রেণীতে সাত-খানি, দশম শ্রেণীতে দু'খানি— মোট ত্রিশখানি বই এবার বদলানো হয়েছে। (২য় পৃষ্ঠায়)

## সিড ফার্ম্ম থেকে চোরাপথে বাজারে পাট বীজ বিক্রি

আহিরণ : সুতী ১নং ব্লকের ছটি গ্রাম পঞ্চায়েতের গরীব চাষীদের সাহায্য করতে সস্তা দরে পাট বীজ সরবরাহের সিদ্ধান্ত নেওয়া হয়। সেই অনুযায়ী ব্লকের এ ডি ও, কে পি এসদের নির্বাচিত চাষীদের হাতে ডি ও দিয়ে তাদের ২নং ব্লকের সিড ফার্ম থেকে ১৬ টাকা কিলো দরে পাট বীজ কিনে নিতে বলা হয়। খবর, চাষীরা সীড ফার্মে গিয়ে পাট বীজ তো পানইনি, এমন কি ভারপ্রাপ্ত অফিসারেরও দেখা পাননি। চাষীদের অভিযোগ, পাট বীজের দর বেড়ে যাওয়ায় কোন নিয়মনীতি না মেনেই—সস্তা দরের সরকারী বীজ খোলা বাজারে বেশী দরে বিক্রি করা হয়েছে। ফার্ম থেকে ডি ও অনুযায়ী বীজ না পাওয়ায় চাষীরা স্বভাবতই ক্ষুব্ধ এবং কৃষি দপ্তরের উপর আস্থা হারিয়েছেন। বাজারে বেশী দর দিয়েও বীজ না মেলায় ঐ এলাকায় পাট চাষ এবার সম্পূর্ণ বন্ধ বলে জানা যায়।

## রামের পাপে শ্যামের মৃত্যু

জঙ্গিপুর : গত ৪ জুন রঘুনাথগঞ্জ ২নং ব্লকের সেকন্দরা গ্রামের সনৎ দাস (৬০) বিদ্যুৎ তারের ছোবলে মারা যান। খবর, উক্ত গ্রামে তারের সঙ্গে হুক লাগিয়ে বাড়ীতে বাড়ীতে বিদ্যুৎ চুরি করে আলো জ্বালানো হচ্ছে। কিন্তু সনৎ দাস বাড়ীতে বিদ্যুৎ আলো জ্বালাননি। তাঁর বাড়ীর উপর দিয়ে তার টেনে অন্য বাড়ীতে আলো জ্বালানো হচ্ছিল। ঘটনার দিন তিনি দুপুরে খাওয়া দাওয়া সেরে উঠানে হাত ধোয়ার সময় গাছ থেকে এক কাঁদি নারকেল ঝরে পড়ে তার ছিঁড়ে যায় ও বিদ্যুৎ বাহিত তার সনৎ দাসকে জড়িয়ে ধরে। সঙ্গে সঙ্গে তার মৃত্যু ঘটে। আরোও খবর, নবকান্তপুর, (শেষ পৃষ্ঠায়)

## সি পি এমের জোনাল অফিস পলসণ্ডায় গেল

সাগরদীঘি : স্থানীয় সি পি এমের জোনাল অফিসটি উঠে পলসণ্ডায় চলে গিয়েছে বলে খবর। প্রকাশ, পূর্বে জেলা থেকে জোনাল অফিস পলসণ্ডায় করার নির্দেশ দেওয়া হলেও শৈলজা রায় প্রভৃতি স্থানীয় নেতারা সে কথা না শুনে যে কোন কারণে হোক সাগরদীঘিতেই বারালার বর্তমান সি পি এম প্রধান নিমাই মণ্ডলের মামার বাড়াটি দখল (শেষ পৃষ্ঠায়)

## ঝড়ে বিদ্যুৎ সরবরাহ বন্ধ, শ্যালো অচল

রঘুনাথগঞ্জ : গত ২৭ মে ঝড়ের তাণ্ডবে জরুর গ্রাম পঞ্চায়েতের সিমলা গ্রামে বিপর্যয় ডেকে আনে। এই অঞ্চলে চাষবাসের সুবিধার জন্য গত ফাল্গুনে অনেক আবেদন নিবেদনের পর ২টি বিদ্যুৎ চালিত শ্যালো টিউবওয়েল চালু হয়। আর ই সি প্রকল্পে এই টিউবওয়েল চালু হওয়ায় চাষীর বুকে উন্নত চাষের আশা জাগে। কিন্তু সাম্প্রতিক ঝড়ে বিদ্যুতের ১০টি খুঁটির মধ্যে ৮টিই উপড়ে গিয়ে (শেষ পৃষ্ঠায়)

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৩১শে জ্যৈষ্ঠ বুধবার ১৩৯৬ সাল

## আমার মাথা নত করে দাও হে...

বিশ্বকবি লিখিয়াছেন— 'আমার মাথা নত করে দাও হে/তোমার চরণ ধূলার তলে।' কিন্তু বর্তমানে কি বিদ্বান, কি মূর্খ, কি নির্ধন, কি ধনী কেউই নত বা ছোট হইতে রাজী নহেন। সক্ষম হউক আর নাই হউক উঁচু হইবার সাধটি সবাই রাখেন। পণ্ডিতেরা বলেন—বিদ্যা দদাতি বিনয়ং। কিন্তু আজকাল সামান্য বিদ্যা কাহারো অন্তরে প্রবেশ করিলেই সে আর বিনীত থাকিতে চাহে না। তখন শুধুমাত্র ব্যবহারে নয় ভাষাতেও বিনয়ের অভাব পরিলক্ষিত হয়। এমনকি গুরুজনদের আদেশ প্রতিপালন না করিয়া তর্ক আরম্ভ করিতে আনন্দ লাভ করে। এইভাবে সমাজে ঐ জাতীয় বিদ্বানের বৃদ্ধি হইতে থাকিলে পরস্পরের মধ্যে বড়র লড়াই শুরু হয়। রাম বলে—'হাম বড়া', শ্যাম বলে 'হাম বড়া'। ইহারাই দেশ নেতার পদে আপনাদে প্রতিষ্ঠা করিয়া দেশের দশের মঙ্গলের অজুহাতে আত্ম প্রতিষ্ঠা, ক্ষমতার দ্বন্দ্ব আরম্ভ করেন। কথায় কথায় ইঁহাদের মানের গোড়ায় আঘাত লাগে। ইঁহারা স্বার্থ ও মান বজায় রাখিতে গিয়া এমন অবস্থার সৃষ্টি করেন যে তাহাতে দেশের সেবা চলুক আর নাই চলুক স্বার্থত্যাগ বা প্রয়োজনে মাথা নত করার প্রবৃত্তি হারাইয়া বসেন। যে কোন সভা সমিতিতে বা দলে এই ধরনের ব্যক্তির আধিক্য হেতু কোন সেবা কার্য্যই সুষ্ঠুভাবে পালিত হয় না। ভীষণ দলাদলির সৃষ্টি হইয়া দক্ষযজ্ঞ রাধিয়া যায়। প্রত্যেক দলেই এক একজন স্বঘোষিত নেতা হইয়া পালের গোদা হন ও তাঁহার পদলেহনকারী বেশ কয়েকজন ছোট ছোট নেতা পালের গোদার দোহারী করিতে থাকেন। নেতারা কেহই সৎ, স্বার্থত্যাগী না হইয়া ভণ্ড ও কপটতার আশ্রয় লইয়া নেতা সাজিয়া দেশের ও সমাজের সর্বনাশ সাধন করিতে থাকেন। একটা ভীষণ ভণ্ডামীতে আমাদের দেশ বর্তমানে পূর্ণ হইয়া রহিয়াছে। দাদাঠাকুর বলিয়াছেন—নির্লিপ্ত থাকা, দেশসেবা না করা বরং ভাল, কিন্তু ভণ্ডামী বড় ভয়ঙ্কর বড় অমঙ্গলজনক। এইরূপ ভণ্ডামীতে আমাদের সমাজ ক্রমশঃ শ্মশানে পরিণত হইতেছে। যদি সমাজের প্রাণ প্রতিষ্ঠা চাও—উন্মুক্ত প্রাণে সকলের সম্মুখে উপস্থিত হও। ভণ্ডামীর মুখোশ দূরে নিক্ষেপ করিয়া সাধারণের নিকট স্বরূপ প্রকাশ কর। ভাবের ঘরে চুরি করিও না। মনে রাখিও—যাহা সত্য তাহা নিত্য, শাশ্বত সনাতন। তাহার জয় অবশ্যম্ভাবী। মিথ্যা স্থায়িত্ব লাভ করিতে পারে না। যেদিন সত্য প্রকশিত হইবে তাহার তেজে মিথ্যার কুহেলী কাটিয়া যাইতে বাধ্য। সত্যের অঘটন ঘটন পটিয়সী শক্তি দুর্বার ঝঞ্ঝার বেগে মিথ্যার দুর্গকে চুরমার করিয়া সত্যের দেবমন্দির একদিন না একদিন প্রতিষ্ঠিত করিবেই। তোতা পাখীর মত ইজমের কথা মুখস্থ করিয়া না বুঝিয়া হৃদয়ঙ্গম না করিয়া আওড়াইয়া গেলে সমাজ সুপ্রতিষ্ঠা লাভ করে না। স্বার্থত্যাগ করিয়া সার্বজনীন উপকারার্থে জীবন উৎসর্গ করিতে পারিলে তবেই দেশের ও দশের সত্যকারের সেবা করা সম্ভব। নিজেকে উচ্চে প্রতিষ্ঠা করিবার বাসনা ত্যাগ করিয়া কর্তা বনিবার প্রবৃত্তি ত্যাগ করিতে হইবে। নচেৎ নিজেরও মঙ্গল নাই দেশেরও মঙ্গল নাই। সত্যের বৃক্ষ অশ্বত্থ বৃক্ষ, তাহার বীজ হইতে যে অঙ্কুর উৎপন্ন হয় তাহা ধীরে ধীরে বড় হয়। সময় প্রয়োজন হয় কিন্তু সেই বৃক্ষ বহু বৎসর স্থায়ী হয়। কিন্তু মিথ্যার বা উচ্চাশার বৃক্ষ বৃক্ষ নহে উহা বাঁশ; কয়েক দিনের মধ্যে দৈর্ঘ্যে গগনচুম্বী হইলেও অনতিকাল মধ্যেই ধ্বংসপ্রাপ্ত হয়।

## উত্তর সাধকের দল

(১ম পাতার পর)

অধিকাংশ বইই অতি নিকৃষ্টমানের, কোন প্রতিষ্ঠিত প্রকাশকের বা লেখকের লেখা নয়। অনেক বইয়েই নানা ভুলভ্রান্তি আছে। একজন স্থানীয় পুস্তক ব্যবসায়ীর প্রকাশিত চারখানি এবং সেই পুস্তক ব্যবসায়ীর দেওয়া বাকী ২৬ খানি নিকৃষ্টমানের বই তিনি পাঠ্য করেছেন। এর ফলে প্রতি অভিভাবককে বই কেনার জন্য এই দুর্বৎসরে প্রচুর টাকা বাধ্যতামূলকভাবে খরচ করে ছাত্রছাত্রীদের বই কিনে দিতে হবে। কার স্বার্থে, কোন প্রয়োজনে প্রধান শিক্ষকমহাশয় এই কীর্তি স্থাপন করলেন তা জানার অধিকার জনসাধারণ ও শিক্ষাকর্তৃপক্ষের আছে। লোকমুখে প্রচারিত ছাত্র-অভিভাবকদের স্বার্থ বলি দিয়ে এভাবে ব্যক্তি বিশেষকে দাক্ষিণ্য দেখিয়ে নিশ্চয়ই উচিৎ কাজ করেননি।

এই একই ব্যাপার ঘটেছে এই মহকুমার আর একটি বড় স্কুলে—বোখারা হাজী জুবেদ আলি বিদ্যাপীঠে। এখানকার প্রধান শিক্ষক কুদ্দুস সাহেব, এবং তাঁর অবারিত পৃষ্ঠপোষণা লাভ করেছেন সেই একই পুস্তক ব্যবসায়ী। গত বছরে ছাত্র-অভিভাবকদের স্বার্থ বলি দিয়ে উক্ত ব্যবসায়ীর দেওয়া বই-গুলি বুকলিস্টে ঢোকানো হয়। এ বছরে আবার গত বারের অধিকাংশ বই পরিবর্তন করে উক্ত পুস্তক ব্যবসায়ীকে কৃতার্থ করা হয়েছে। এখানকার বুকলিষ্টের অধিকাংশ বইও মালডোবা স্কুলের অনুরূপ। রঘুনাথগঞ্জের রাস্তায় উক্ত পুস্তক ব্যবসায়ীর স্কুটারের পিছনে চেপে কুদ্দুস সাহেবকে একাধিক দিন দেখা গিয়েছে। কোন একজন ব্যবসায়ীকে ছাত্র-ছাত্রীদের স্বার্থ বলি দিয়ে এভাবে ঢালাও পৃষ্ঠপোষণা কেন করা হয়েছে তা বোঝাও কষ্টকর নয়। প্রশ্ন এই যে স্কুলগুলি কি ছাত্রদের মানুষ করার জন্য তাদের দিকে তাকিয়ে পরিচালিত হবে, না কিছু আদর্শভ্রষ্ট শিক্ষক নামধারী মানুষকে যেন তেন অর্থ রোজগারের যন্ত্র হিসাবে খাড়া রাখা হবে?

(চলবে)

## সেন্ট্রাল এক্সসাইজের হানা

ধুলিয়ান: গত ১৬ মে হিজলতলা গ্রামের সুন্দরী বিড়ি কোম্পানীর মালিক রেজ্জাক আলির বাড়ি বোলপুর থেকে আগত এক্সসাইজ বিভাগের কর্মীরা ঘেরাও করেন। তাঁরা সরকারকে তামাকের ডিউটি ফাঁকি দেওয়া এবং ভুয়া নথিপত্র ইত্যাদি সীজ করেন বলে জানা গেছে। এই রেজ্জাক আলি বিড়ি ব্যবসায়ে নবাগত হলেও অল্প সময়ের মধ্যে অস্বাভাবিক ভাবে ফুলে ফেঁপে উঠেছেন। সামান্য একজন বিড়ি কন্টাক্টর থেকে সুদূর দিল্লীতে তাঁর ব্যবসায়ের সম্প্রসারণ ঘটেছে। প্রতিদিন নাকি বিশ লক্ষ বিড়ি উঠছে। কিন্তু খাতা কলমে দেখ ছেন মাত্র চার পাঁচ লক্ষ। সরকারের নিয়ম অনুযায়ী প্রতি হাজার বিড়িতে তামাকের ডিউটি দিতে হয় ৪·৫০ পয়সা অর্থাৎ এক লাখে ৪৫০·০০ টাকা।

## নকল পানীয় সরবরাহ

(১ম পাতার পর)

উক্ত নাসিরুদ্দিনের হাতীচিত্রা বাগানের ভেজাল ঠাণ্ডা পানীয় প্রস্তুতের কারখানায় " হানা দিয়েও পুলিশ ১৭৮২ বোতল ভেজাল পানীয় ও ৪২৩৯ট খালি বোতল আটক করে। মিস্ত্রি দিয়ে মেসিন ও আসবাবপত্র খুলে থানায় নিয়ে আসা হয় বলে জানা যায়। নাসিরুদ্দিন ও তার ভাই মহঃ সামসের আলীকে পুলিশ গ্রেপ্তার করে। উল্লেখ্য, ভেজাল পানীয়ের রমরমা কারবার এ দুটি শহরে ব্যাপক হওয়া সত্ত্বেও ভারপ্রাপ্ত স্বাস্থ্য পরিদর্শকদের কোন তৎপরতা দেখা যায়নি। এ ছাড়াও বর্তমানে 'পেপসী কোলা' জাতীয় ঠাণ্ডা ক্রীমের ভেজালে এই মহকুমার প্রতি গ্রামগঞ্জ ছেয়ে গেছে বলে খবর।

## ব্লু ফিল্ম চালানোর অভিযোগে গ্রেপ্তার

ফরাক্কা : সম্প্রতি স্থানীয় রেল কলোনীর এক ভিডিও হলে ব্লু ফিল্ম চালানো হচ্ছে অভিযোগ পেয়ে পুলিশ হানা দেয়। হলে তখন ১৫ থেকে ৫০ বছর বয়সের প্রায় ২০০ জন দর্শক উপস্থিত ছিলেন। পুলিশের ভয়ে অধিকাংশ পালিয়ে যায়। প্রায় ৫০ জনকে পুলিশ আটক করে থানায় আনে ও পরে ছেড়ে দেয়। ভিডিও মালিক ও আরও ১০জন কর্মচারীকে পুলিশ গ্রেপ্তার করে জঙ্গিপুর কোর্টে চালান দেয়। আসামীরা ব্যক্তিগত জামিনে মুক্তি পান বলে খবর।

## বিজ্ঞপ্তি

★ সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করুন।

★ যারা সাম্প্রদায়িক সম্প্রীতি ক্ষুণ্ণ করতে চায় তারা প্রকৃত পক্ষে দরিদ্র ও শোষিত মানুষের উন্নয়ন প্রচেষ্টাকেই ব্যাহত করতে চায়।

★ প্রগতির পরিপন্থী সাম্প্রদায়িক ও বিচ্ছিন্নতাবাদী শক্তিগুলিকে যে কোন মূল্যে পরাস্ত করতে হবে।

পশ্চিমবঙ্গ সরকার

জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর, মুর্শিদাবাদ।

## পুরাসম্পদ ও পুরাতাত্ত্বিক শিল্প বস্তুর নিবন্ধীকরণ

১৯৭২ সালের পুরাসম্পদ ও শিল্প বস্তু সম্পর্কিত আইন যা ১৯৭৬ সালের ৫ই এপ্রিল থেকে সারা ভারতে কার্যকরী হয়েছে, সেই অনুযায়ী নিম্নলিখিত পুরাসম্পদ বা শিল্প বস্তু যার বয়স অন্ততপক্ষে একশত বৎসর, তাদের সংশ্লিষ্ট নিবন্ধক আধিকারিকের নিকট নিবন্ধীকৃত করা অবশ্য করণীয়।

১) ভাস্কর্য্য : পাথর, টেরেকোটা, ধাতব, হাতীর দাঁতের, হাড়ের, কাঠের ইত্যাদি।

২) চিত্র : ( টাকা ও মিনিয়েচার সহ ) কাগজ, কাঠ, কাপড়, চামড়া, রেশম ঐ ধরনের বস্তুর উপর।

৩) পাণ্ডুলিপি : যে সকল পাণ্ডুলিপি ছবি, স্কেচ, রঙীন বর্ণ বিশিষ্ট শব্দ বা ছবি রয়েছে।

যারা অদ্যাবধি এই নিবন্ধীকরণ করেননি তাদের অবিলম্বে নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করে নিবন্ধীকরণ করতে বলা হচ্ছে।

নিবন্ধক আধিকারিক,
উত্তরবঙ্গ বিভাগ,
পুরাতত্ত্ব অধিকার, পশ্চিমবঙ্গ,
৩৩, চিত্তরঞ্জন এ্যাভিন্যু ( পঞ্চমতল )
কলিকাতা-৭০০০১২

জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর, মুর্শিদাবাদ।

## বিদ্রোহী কবি স্মরণে

ধুলিয়ান : গত ২৫ মে রতনপুর উদয়ন ক্লাবের পক্ষ থেকে বিদ্রোহী কবি নজরুলের জন্মজয়ন্তী পালন করা হয়। অনুষ্ঠানের সভাপতি ছিলেন গ্রাম পঞ্চায়েত সদস্য আব্দুল হামিদ। আবৃত্তি, গান ছাড়াও সেদিনের মূল আকর্ষণ ছিল নজরুলের মূল্যায়ন। অনুষ্ঠানের প্রধান বক্তা প্রভাসচন্দ্র দাস নজরুলের জীবন সংগ্রামের বিভিন্ন দিক ও জন্মজয়ন্তী পালনের উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন।

ডেপুটেশন ভ্যাকান্সীতে একজন বি-এসসি (পাশ) ট্রেণ্ড অগ্রগণ্য শিক্ষক আবশ্যক। পদটি তপশীলি জাতির জন্য সংরক্ষিত। মার্ক সীট, সার্টিফিকেট ইত্যাদির প্রত্যয়িত নকলসহ ২২-৬-৮৯ এর মধ্যে সম্পাদক, কান্তনগর হাই স্কুল, পোঃ আদি কান্তনগর, জেলা মুর্শিদাবাদ এর নিকট আবেদন করিতে হইবে।

মোঃ ইউনুস বিশ্বাস
১০-৬-৮৯ সম্পাদক,
কান্তনগর হাই স্কুল

কি মেসেস নন লেভি এ সি সি
সিমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে
আমরা সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৬



## দুই কুখ্যাত ডাকাত গ্রেপ্তার

জঙ্গিপুর ঃ গত ১২ জুন রঘুনাথগঞ্জ থানার ওসি গঙ্গাপ্রসাদ গ্রামে হানা দিয়ে কুখ্যাত সমাজবিরোধী মালেক সেখকে গ্রেপ্তার করেন। তার বাড়ী তল্লাসী করে বেশ কিছু বোমা, গুলি ও একটি পিস্তল উদ্ধার হয়। বর্তমানে মালেকের বিরুদ্ধে দুটো ডাকাতির অভিযোগ রয়েছে। পরদিন ১৩ জুন পুলিশ ইমামনগরের কুখ্যাত ডাকাত রফিক সেখকে জয়রামপুর থেকে গ্রেপ্তার করে। কয়েকটি ডাকাতির অভিযোগে তার বিরুদ্ধে গ্রেপ্তারী পারায়ানা জারী হয়। উল্লেখ্য কিছুদিন আগে পর্যন্ত রফিক সফিক দুই ভায়ের অত্যাচার ঐ অঞ্চলের মানুষের রাতের ঘুম কেড়ে নেয়।

## শ্যালো অচল

( ১ম পৃষ্ঠার পর )

বিদ্যুৎ চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। সামনে চাষের মরশুমে অসুবিধার কথা চিন্তা করে গ্রামবাসীরা রঘুনাথগঞ্জ বিদ্যুৎ সরবরাহ বিভাগের ষ্টেশন সুপারিন্টেণ্ডেন্টের কাছে পঞ্চায়েত প্রধানের অনুমোদন সহ গণদরখাস্ত দেন। ষ্টেশন সুপার সেই দরখাস্তের পরিপ্রেক্ষিতে গ্রামবাসীদের জানান উক্ত শ্যালোর বিদ্যুৎ সরবরাহের কাজ করেন স্থানীয় আর ই অফিস এবং ঠিকাদারী সংস্থার সাথে আর ই অফিসের এগ্রিমেন্টে আছে নির্দিষ্ট সময়ের পূর্বে কোন অসুবিধা বা বিপর্যয় দেখা দিলে ঠিকাদারী সংস্থা নিজ খরচে সেই কাজ করে দিতে বাধ্য থাকবেন। সেকারণেই তাঁরা ঐ গণদরখাস্ত আর ই অফিসে পাঠিয়ে দেন ও দরখাস্তকারীদের ঐ অফিসে তদ্বির করতে বলেন। আর ই অফিসের সাথে যোগাযোগ করলে তাঁরা বলেন – ঠিকাদারী সংস্থার সঙ্গে যোগাযোগ করা হয়েছে ও খুব শীঘ্র কাজ সম্পূর্ণ করতে লিখিতভাবে জানানো হয়েছে। কিন্তু প্রায় পনের দিন গত হলেও কাজে হাত দেওয়া হয়নি বলে ক্ষুব্ধ গ্রামবাসীরা জানান। এদিকে বর্ষা নেমে পড়ায় এবং এখনো মেরামতি কাজে হাত না পড়ায় গ্রামবাসীরা বিভ্রান্ত হয়ে পড়েছেন। তাঁরা মনে করেন লালফিতার বাঁধনে পড়ে হয়তো মেরামতি কাজ বিলম্বিত হবে এবং এ বছর চাষে সেচের জলের অসুবিধা সৃষ্টি করবে। তাঁরা আরও জানান এই গ্রাম পঞ্চায়েতটি বামফ্রন্টের দখলে রয়েছে। প্রধান সি পি এমের ও উপ প্রধান আর এস পির। তাঁরা উভয় দলের নেতাদের কাছে দরবার করেও কোন কাজ পাচ্ছেন না।

## অফিস পলষণ্ডায় গেল

( ১ম পৃষ্ঠার পর )

করে অফিস চালাচ্ছিলেন। নিমাই বহু চেষ্টা করেও তাঁর মামার ঘর থেকে অফিসটি তুলতে পারেননি শোনা যায় সেকারণেই তিনি সি পি এমের হয়ে কাজ করতে থাকেন ও পরে বারালার প্রধান হন। এইবার তিনি মামার বাড়ীটি ছেড়ে দিতে জেলার পার্টি কর্তাদের কাছে তদ্বির শুরু করেন। জানা যায় জেলা প্রধান সি পি এম নেতা মধু বাগের শরণাপন্ন হলে তাঁরই নির্দেশে নাকি সাগরদীঘির পার্টি অফিস ঘর পলষণ্ডায় যেতে বাধ্য হয়।

## রামের পাপে শ্যামের মৃত্যু

( ১ম পৃষ্ঠার পর )

মিঠিপুর, পাতলাটোলা, সেকেন্দ্রা প্রভৃতি সব গ্রামেই লাইন থেকে হুক দিয়ে অবৈধভাবে বিদ্যুৎ নেওয়া রেওয়াজে দাঁড়িয়েছে। সম্প্রতি ভৈরবটোলায় বিদ্যুৎ পিষ্ট হয়ে একজন মারাও গেছে। নবকান্তপুর গ্রামের লোকেদের কারসাজিতে ওই গ্রামের ট্রান্সফরমারটি পুড়ে যায় ও বিদ্যুৎ ব্যবস্থা বানচাল হয়। বিদ্যুৎ দপ্তর এ সব খবর জেনেও রহস্যজনকভাবে চুপচাপ। রাজ্যে বিদ্যুৎ সঙ্কট তুঙ্গে তবুও এই ভাবে দিনের পর দিন প্রকাশ্যে বিদ্যুৎ চুরি চলছে। অন্যদিকে লোকদীপ প্রকল্পেও একটি পয়েন্ট থেকে বিদ্যুৎ নিয়ে বিভিন্ন বাড়ীতে ও দোকানে বিদ্যুৎ বিক্রী চলছে। আমরা এ সম্বন্ধে বারবার পত্রিকায় অভিযোগ তুলে ধরেও বিদ্যুৎ বিভাগের সুখনিদ্রা ভাঙাতে পারিনি।

## যোগানদারী নিয়ে ১ জন খুন

রঘুনাথগঞ্জ ঃ স্থানীয় থানার ধলো গ্রামে মাঠের যোগানদারী নিয়ে দু'ভায়ে গণ্ডগোল বাধে। বড় ভাই এমদাদুল হক ও ছোট ভাই নুরুল হোদার এই কোন্দলকে কেন্দ্র করে উভয় পক্ষে বেশ কিছু সমর্থক জুটে যায় ও গণ্ডগোল বেড়ে উঠে এই পরিপ্রেক্ষিতে জনৈক আমির সেখ মারাত্মক আহত হয়ে ঘটনা স্থলেই মারা যায়। পুলিশ এই ঘটনায় ছোট ভাই নুরুল হোদা ও শিবশঙ্কর মণ্ডলকে গ্রেপ্তার করে। উল্লেখ্য কয়েক বছর আগে এই গ্রামেই যোগানদারী নিয়ে সংঘর্ষে তিনজন খুন হয়।

যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে!
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন অ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

কিস্তিতে মোটর বাইক/স্কুটার/টিভি/বাস/লরী কিনবেন?
বাড়ী করার জন্য লোন চান? বাস্তু জমি বা পুরানো বাস, লরী, মোটর সাইকেল, টিভি প্রভৃতি কেনাবেচা করতে চান? সত্বর যোগাযোগ করুন।
দিলসন্স্ মিউচুয়ালাইজার
DILSONS MUTUALISER
শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫
বিঃ দ্রঃ ধুলিয়ান শাখা অফিস খোলার জন্য বেতন ও কমিশনে কর্মী চাই

সুযোগ নিন। এখন থেকে ঘরে বসেই আপনার দেয় করের (Tax) রিটার্ণ, আইনানুগ হিসাব (Accounts) সংরক্ষণ এমন কি অডিট করিয়ে নিন।
যোগাযোগ—
শঙ্খনাথ চ্যাটার্জী
প্রযত্নে বিশ্বপতি চ্যাটার্জী
পাকুড়তলা ॥ রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত